



ভিন্নমতের পরও ফেব্রুয়ারির প্রথমার্ধেই জাতীয় নির্বাচন: প্রেস সচিব



সংগৃহীত ছবি

প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম জানিয়েছেন, রাজনৈতিক মতপার্থক্য থাকা সত্ত্বেও জাতীয় নির্বাচন ১৫ ফেব্রুয়ারির মধ্যেই অনুষ্ঠিত হবে। নির্বাচন পিছানোর সুযোগ নেই, আর বানচালের চেষ্টাও সফল হবে না বলেও তিনি সতর্ক করেন।

রাজনৈতিক অঙ্গনে ভিন্নমত ও মতপার্থক্য স্বাভাবিক হলেও তা জাতীয় নির্বাচন পিছানোর কারণ হবে না—এমন মন্তব্য করেছেন প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। তিনি বলেন, “ভিন্ন দল মানেই ভিন্ন মত। তবে নির্বাচন যথাসময়েই অনুষ্ঠিত হবে। কোনোভাবেই বিলম্ব হবে না।”

শুক্রবার (১২ সেপ্টেম্বর) মাগুরার শ্রীপুর উপজেলায় মুসলিম রেনেসাঁর কবি ফররুক আহমেদের গ্রামের বাড়ি পরিদর্শনকালে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা জানান।

শফিকুল আলম আরও বলেন, নির্বাচন বানচালের যেকোনো চেষ্টা ব্যর্থ হবে। জাতীয় নির্বাচন ফেব্রুয়ারির প্রথমার্ধেই অনুষ্ঠিত হবে, এটি অন্তর্বর্তী সরকারের দৃঢ় প্রতিশ্রুতি।

পরে তিনি স্থানীয় সনাতন ধর্মীয় নেতৃবৃন্দের সঙ্গে মতবিনিময় করেন এবং আসন্ন দুর্গাপূজা শান্তিপূর্ণভাবে পালনের জন্য সরকারের সর্বোচ্চ সতর্কতা অব্যাহত রয়েছে বলে আশ্বাস দেন।